

২. জসিম মাইক্রোবাস চালিয়ে জীবিকা নির্বাহ করে। একবার এক যাত্রীকে গন্তব্যে পৌঁছে দিয়ে বিশ্রাম নিচ্ছিল। সহসা তার গাড়ির ভেতরে দৃষ্টি পড়তেই দেখতে পেল, একটি তালাবদ্ধ সুটকেস পড়ে আছে। কিন্তু ঐ ব্যাগে কোনো ঠিকানা পাওয়া না যাওয়ায় সে ঘটনাটি সংবাদপত্রে লিখে প্রচার করল।

ক) কাপালির ক্যাশ বাক্সটি কী রঙের ছিল?

খ) টিনের বাক্সের তালাটি ভাঙলে কেন অন্যায় কাজ হবে?

গ) উদ্দীপকে জসিমকে কোন যুক্তিতে বিধুদের সঙ্গে তুলনা করা যায়?

ঘ) “জসিমের ঘটনাটি ক্ষুদ্র হলেও চরিত্রটি ‘পড়ে পাওয়া’ গল্পের মূল চরিত্রকেই লালন করে আছে”- মূল্যায়ন কর।

৩. দৈনিক প্রথম আলোর খবর: ‘রংপুরের মিঠামইনে সোনার মোহর নিয়ে শ্রমিক উধাও। ঘটনায় প্রকাশ, স্থানীয় দেবশীষ চক্রবর্তী তার পুরোনো পুকুরটি সংস্কার করতে কিছু শ্রমিককে কাজ দেয়। কয়েক দিন ধরে তারা পুকুরটি খনন করছিল। হঠাৎ একদিন পুকুরের নিচ থেকে একটি মাটির কলসি বের হয়। যার মধ্যে ছিল প্রচুর সোনার মোহর। শ্রমিকেরা এ ঘটনা মালিককে না জানিয়ে নিজেরা মোহরগুলো ভাগাভাগি করে নিয়ে পালিয়ে যায়। পরে ঘটনা জানাজানি হলে দেবশীষ স্থানীয় পুলিশ প্রশাসনকে খবর দেয় এবং শ্রমিকদের ধরে এনে মোহরগুলো উদ্ধারে সাহায্য করে।’

ক) বিভূতিভূষণের মায়ের নাম কী?

খ) ‘বাবার মুখ দিয়ে একটি কথাও বেরোল না,’- কেন?

গ) উদ্দীপকের শ্রমিকদের কর্মকাণ্ড ‘পড়ে পাওয়া’ গল্পের সঙ্গে কোন দিক দিয়ে বৈসাদৃশ্যপূর্ণ, ব্যাখ্যা করো।

ঘ) উদ্দীপকের দেবশীষ চক্রবর্তীকে লেখক বা বাদলের প্রতিরূপ বলা যায় কি না, বিশ্লেষণ করো।